দৈনিক ইত্তেফাক

তারিখ ... JAN 16 2000 ...
পৃষ্ঠা ... কলাম ...

65

## অনিশ্চয়তার মধ্যে আজ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ক্লাস শুরু হইতেছে

চট্টগ্রাম অফিস ॥ দীর্ঘ এক মাসের ছুটি শেষে আজ রবিবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ক্লাসসমূহ শুরু হইতেছে।

(২য় পৃষ্ঠায় ৪-এর কঃ দ্রঃ)

## অনিশ্চয়তার মধ্যে আজ

(প্রথম পৃষ্ঠার পর)

এদিকে গতকাল স্বল্পসংখ্যক ছাত্র-ছাত্রীর উপস্থিতিতে হলসমূহ খুলিয়াছে। গতকাল হল খোলার প্রথম দিনেই শিবির আহূত অবরোধ কর্মসূচীর কারণে ছাত্র সংগঠনসমূহের সক্রিয় সমর্থক ছাড়া কোন সাধারণ ছাত্র হলে উঠে নাই। গতকাল শিবির আহূত অবরোধ কর্মসূচী পালিত হইয়াছে বলিয়া জানা যায়। অবরোধ চলাকালে ক্যাম্পাসে কোন যানবাহন চলাচল করে নাই। তবে শিক্ষক-কর্মচারীদের নেওয়ার জন্য বিশ্ববিদ্যালয়ের কয়েকটি বাস শহরে আসিয়াছিল। তন্মধ্যে শিবির ক্যাডাররা শহরের কাপ্তাই রাস্তার মুখ হইতে ১টি ও জি,ই,সির মোড় হইতে অপর ১টি বাসকে অস্ত্রের মুখে নগরীর শিবির অধ্যুষিত চকবাজার এলাকায় নিয়া আটকাইয়া রাখে। পরে পুলিশ বাস ২টি উদ্ধার করে। এদিকে, নাজিরহাট বাস মালিক সমিতি আজ বিশ্ববিদ্যালয় খোলার দিনেই কোন বাস ভাড়া না দেওয়ার সিদ্ধান্ত নিয়াছে। অবরোধকারী সংগঠন ছাত্রশিবিরের আহবান এবং বাস ভাংচুর আশংকায় তাহারা এই সিদ্ধান্ত নিয়াছে বলিয়া সংশ্লিষ্ট সূত্রে জানা যায়। গতকাল হল খোলার দিনে বিশ্ববিদ্যালয়ের ৬টি ছাত্র হলের মধ্যে ছাত্রলীগ নিয়ন্ত্রিত শাহজালাল-আমানত হলে ৬ জন, শিবির নিয়ন্ত্রিত এফ রহমান হলে ২৫ জন, আলাওল হলে ১৬, সোহরাওয়ার্দী হলে ১৮ জন, রব হলে ১৬ জন ছাত্র উঠিয়াছে বলিয়া জানা যায়। উল্লেখ্য, রব হলে উভয় সংগঠনের সহাবস্থান রহিয়াছে। এদিকে দুই নেতার খুনীদের গ্রেফতার দাবীতে গতকাল ক্যাম্পাসে শিবিরের উদ্যোগে এক প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হইয়াছে। সমাবেশে বক্তারা প্রশাসন চিহ্নিত সন্ত্রাসীদের গ্রেফতারে ব্যর্থ হইলে হরতালসহ কঠোর কর্মসূচীর হুমকি দিয়াছে। মুজিবুর রহমান মঞ্জুর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন আবদুল হান্নান, মিয়া মোঃ তৌফিক, দিদারুল আলম মজুমদার প্রমুখ।